



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর: ৭১/২০২২

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯
২৭ এপ্রিল ২০২২

বেসিক ব্যাংক লিমিটেড-এ আইসিটি সংশ্লিষ্ট বিভিন্ন গ্রেডের ৮ ক্যাটাগরীর পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে আবেদনকারী প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি জমা প্রদান প্রসঙ্গে।

অত্র সচিবালয়ের তত্ত্বাবধানে বেসিক ব্যাংক লিমিটেড-এ আইসিটি সংশ্লিষ্ট বিভিন্ন গ্রেডের ৮ ক্যাটাগরীর পদে নিয়োগের উদ্দেশ্যে ০৭/০৩/২০২২ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৪৭/২০২২ এর ০৮ নং অনুচ্ছেদের অনুবৃত্তিক্রমে আবেদনকারী প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি নিম্নবর্ণিত ঠিকানায় আগামী ১৯/০৫/২০২২ তারিখের মধ্যে প্রেরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছেঃ

মহাব্যবস্থাপক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
২য় সংলগ্নী ভবন, ১৬তম ফ্লোর
ঢাকা-১০০০।

২। চাহিদাকৃত কাগজপত্র সরাসরি জমাদানে আর্থহী প্রার্থীগণ বাংলাদেশ ব্যাংকের ২য় সংলগ্নী ভবনের নীচ তলার এনক্লোজারে ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় কর্তৃক রক্ষিত বক্সে বর্ণিত তারিখের মধ্যে দাখিল করতে পারবেন।

৩। ইতোমধ্যে যারা শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি জমাদান/প্রেরণ করেছেন, তাদের পুনরায় জমাদানের প্রয়োজন নেই।

উল্লেখ্য, উল্লিখিত তারিখের মধ্যে চাহিদাকৃত কাগজপত্র জমাদানে ব্যর্থ আবেদনকারীদের আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সাঈদুর রহমান খান)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য সচিব, বিএসসি